

দলিত শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদান

নাগরিক উদ্যোগ

তারিখ: ১৪ ফেব্রুয়ারী, ২০২০



বেসরকারী মানবাধিকার সংস্থা নাগরিক উদ্যোগ অসম্ভল দলিত শিক্ষার্থীদের জন্য বৃত্তি প্রদান করে আসছে। গত ১৪ ফেব্রুয়ারী, ২০২০ নাগরিক উদ্যোগের চলমান প্রকল্প মানবাধিকার রক্ষা ও সহায়তার মাধ্যমে দলিত ও সামাজিকভাবে বঞ্চিত জনগোষ্ঠীর দারিদ্র বিমোচন ও বিদ্যমান বৈষম্য লাঘব' প্রকল্পে ১০ জন দলিত শিক্ষার্থীদের মাঝে শিক্ষা বৃত্তি প্রদান করা হয়। এর ফলে ১০ জন শিক্ষার্থী এক বছরে ২৪০০০/- (চব্বিশ হাজার টাকা) পাবেন যা তাদের শিক্ষা জীবনকে আরো এগিয়ে নিতে সহায়ক হবেন। বৃত্তি প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নাগরিক উদ্যোগের প্রধান নির্বাহী জাকির হোসেন। তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন একজন শিক্ষার্থী উদ্দেশ্য হলো পরিপূর্ণ মানুষ হওয়া তার জন্য পাঠ্য বই এর পাশাপাশি বিভিন্ন ধরনের বই পড়া এবং চাকুরী পাওয়ার ক্ষেত্রে কম্পিউটার এবং ইংরেজী জানা বিশেষ জরুরী। তিনি বলেন এই শিক্ষার্থীরা পড়ালেখা শেষ করে চাকুরী জীবনে প্রবেশ করবেন তখন যেন তাদের পরিচয় গোপন না করার আহবান জানান কেননা দলিত জনগোষ্ঠী সন্তান স্বীকার করেই দলিতদের অধিকার আদায় করতে হবে। তিনি আরো বলেন এই সকল ছাত্র-ছাত্রীদের জীবন বৃত্তান্ত সংরক্ষণ করতে হবে যাতে যারা পাশ করবে তাদের চাকুরীর ব্যবস্থা করা যায়। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বিডিইআরএম এর সভাপতি মনিরানী দাস, সাধারণ সম্পাদক উত্তম কুমার ভক্ত,

সাংগঠনিক সম্পাদক ভীষ্মালী ডেভিড রাজু, প্রকল্প সমন্বয়কারী এবিএম আনিসুজামান, কর্মসূচী কর্মকর্তা বকুল হোসেন, নাদিরা পারভীন এবং ফাইন্যান্স অফিসার গবিন্দ কর। অনুষ্ঠান শেষে সকলকে বৃত্তির অর্থ প্রদান করা হয় এবং বৃত্তি প্রাপ্তরা তাদের অভিজ্ঞতা বিনিময় করেন।

